

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা।
www.dot.gov.bd

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০৩.১৮.০০৮.২৫- ৪১৪

তারিখঃ ০৩ কার্তিক ১৪৩২
১৯ অক্টোবর ২০২৫

বিজ্ঞপ্তি

বস্ত্র অধিদপ্তর কর্তৃক পরিচালিত এবং বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয় অধিভুক্ত টাঙ্গাইল টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ৪ (চার) বছর মেয়াদি বি.এসসি. ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তি পরীক্ষার ফলাফল বস্ত্র অধিদপ্তরের ওয়েবসাইট (www.dot.gov.bd) ও টাঙ্গাইল টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজের ওয়েবসাইটে (btcc.portal.gov.bd) প্রকাশ করা হয়েছে।


ভর্তি যোগ্য প্রার্থীদের জন্য নির্দেশাবলী:

- ১। মেধা তালিকা হতে শিক্ষার্থীদের ২৬/১০/২০২৫ খ্রিঃ তারিখ হতে ৩০/১০/২০২৫ খ্রিঃ তারিখ পর্যন্ত সকাল ৯:০০ টা হতে বিকাল ৫:০০ টা পর্যন্ত কলেজের রেজিস্ট্রেশন শাখায় ভর্তি হতে হবে।
- ২। ভর্তির সময় প্রার্থীর এসএসসি ও ডিপ্লোমা পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট ও মূল/সাময়িক সনদপত্র অবশ্যই জমা দিতে হবে। মূল ট্রান্সক্রিপ্ট ও মূল/সাময়িক সনদপত্র ছাড়া ভর্তি করা হবে না। এটি কোর্স সমাপ্ত না হওয়া পর্যন্ত প্রতিষ্ঠানে জমা থাকবে।
- ৩। ভর্তির সময় প্রার্থীর ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজ ছবি জমা দিতে হবে।
- ৪। পরীক্ষার্থীর আবেদনের অনলাইনের 'এপ্লিকেন্ট কপি' অবশ্যই জমা দিতে হবে।
- ৫। ভর্তির জন্য ১৮,৫০০/- (আঠারো হাজার পাঁচশত) টাকা শাহজালাল ইসলামিক ব্যাংক লিঃ কালিহাতী, টাংগাইল শাখায়, হিসাব নম্বর-৪০৬০১১০০০০০২৮১ জমা দিয়ে রশিদসহ ভর্তির ফরম ও অঙ্গীকারনামা সংগ্রহ পূর্বক যথাযথ ভাবে পূরণ করে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিতে হবে।
- ৬। ভর্তির জন্য প্রতিষ্ঠান মনোনীত নির্ধারিত ডাক্তার কর্তৃক ইস্যুকৃত স্বাস্থ্য সনদ জমা দিতে হবে।
- ৭। সংরক্ষিত কোটার ক্ষেত্রে যে সকল অতিরিক্ত কাগজপত্র জমা দিতে হবেঃ

(ক) মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে: মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রাপ্ত সনদ পত্রের সত্যায়িত কপি এবং মুক্তিযোদ্ধার সন্তান হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা/সিটি কর্পোরেশনের কমিশনার/ মেয়র কর্তৃক প্রত্যয়ন পত্র ভর্তির সময় প্রদান করবেন।

(খ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রেঃ রাজামাটি, বান্দরবান, খাগড়াছড়ি, পার্বত্য জেলার ক্ষেত্রে সংশ্লিষ্ট রাজার/জেলা প্রশাসকের ও অন্যান্য জেলার ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসকের নিকট হতে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সনদপত্রের মূল কপি জমা দিতে হবে।

বিঃ দ্রঃ ভর্তির বিষয়ে কেন্দ্রীয় ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


(মোঃ শাহিদুল ইসলাম)
মহাপরিচালক
বস্ত্র অধিদপ্তর, ঢাকা।

ও
আহবায়ক, কেন্দ্রীয় ভর্তি কমিটি।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০৩.১৮.০০৮.২৫-৪১৪/১(৫)


তারিখ: ০৩ কার্তিক ১৪৩২
১৯ অক্টোবর ২০২৫

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অধ্যাপক ড. মো: রিয়াজুল ইসলাম, ফ্যাকাল্টি অব ইয়ার্ণ টেক্সটাইল ও কলেজ পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব) বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। ড. মুহাম্মদ মুখলেছুর রহমান উপসচিব (বস্ত্র-১), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অধ্যক্ষ, টাঙ্গাইল টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, কালিহাতি, টাঙ্গাইল।
- ৪। জনাব মোঃ কবির হোসেন পাটোয়ারী, সহকারী অধ্যাপক (ইলেকট্রিক্যাল) টাঙ্গাইল টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, টাঙ্গাইল।
- ৫। উপপরিচালক (শিক্ষা) (টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ), বস্ত্র অধিদপ্তর, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপাচার্য, বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। সচিবের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।



(মোহাম্মদ জাহেদুর রহমান)
পরিচালক (উপসচিব) শিক্ষা
বস্ত্র অধিদপ্তর, ঢাকা।

ও

সদস্য সচিব, কেন্দ্রীয় ভর্তি কমিটি।